ঝিনাইদহে ব্যাতিক্রমি দুধ খাওয়ানো উৎসব অনুষ্ঠিত

প্রাণিসম্পদ সেবা সপ্তাহ উপলক্ষে ঝিনাইদহে ব্যাতিক্রমি দুধ খাওয়ানো উৎসব অনুষ্ঠিত হয়েছে। এ উপলক্ষে সোমবার সকালে সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ১৭’শ ৭০ জন ছাত্রীকে দুধ খাওয়ানো হয়।

জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা মনোজিৎ কুমার সরকারের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক মনিরা বেগম। বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক আরিফুল ইসলাম, বিদ্যালয়ের প্রধান শিক্ষক লক্ষী রানী পোদ্দার, জেলা প্রশিক্ষণ কর্মকর্তা ডা. সুব্রত কুমার ব্যানার্জী। অনুষ্ঠান পরিচালনায় ছিলেন ঝিনাইদহ সদর লাইভস্টক এক্সটেনশন অফিসার ডা. তারেক মুসা। আয়োজকরা জানায়, প্রাণি সম্পদ সেবা সপ্তাহ উপলক্ষে ছাত্রীদের দুধ খাওয়ার অভ্যাস করতে বিদ্যালয়ের ছাত্রীদের দুধ খাওয়ানো হয়। সেসময় দুধের পুষ্টিগুণ নিয়ে বক্তারা আলোচনা করেন ।